

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা  
[ মূল্য সংযোজন কর ]  
প্রজ্ঞাপন

তারিখ, ২৬ পৌষ, ১৪২০ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি, ২০১৪ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ০৫-/আইন/২০১৪/৬৯৪-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩১ক এর—

(অ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(১ক) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, আন্তর্জাতিক দরপত্রের আওতায় বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে কোন পণ্য সরবরাহ বা কোন সেবা প্রদত্ত হইলে উহা আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) (ক) এর অধীন রপ্তানিকৃত বলিয়া গণ্য হইবে।”;

(আ) উপ-বিধি (৪) এ উল্লিখিত “(২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে” সংখ্যাগুলি, শব্দগুলি, ও বন্ধনীগুলির পরিবর্তে “(১ক), (২) বা (৩) এ বর্ণিত ক্ষেত্রে, যেক্ষেত্রে যাহা প্রযোজ্য,” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) শেষাংশে ব্যাখ্যা তে উল্লিখিত “স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র” শব্দগুলি ও চিহ্নগুলির পর “বা আন্তর্জাতিক দরপত্র” শব্দগুলি ও চিহ্নগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন  
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৩৭ )  
মূল্যঃ টাকা ৪.০০